গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
প্রতিষ্ঠান শাখা-১
www.rdcd.gov.bd

স্মারক নং-৪৭.০০.০০০০.০৩৩.৯৯.০২৯.১৭-১৭০

তারিখ: ০৩ বৈশাখ ১৪৩৩ / ১৬ এপ্রিল ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক, ক্ষুদ্র কৃষক উন্নয়ন ফাউন্ডেশন (এসএফডিএফ), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
৩. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমী (বার্ড), কুমিল্লা।
৪. অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট)/(পরিকল্পনা ও উন্নয়ন)/(আইন ও প্রতিষ্ঠান), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৫. নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, সমবায় ভবন, আগারগাঁও, ঢাকা।
৬. মহাপরিচালক, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), পল্লী ভবন, ৫, কাওরান বাজার, ঢাকা।
৭. যুগ্মসচিব (প্রশাসন ও বাজেট/আইন ও প্রতিষ্ঠান/পরিকল্পনা ও উন্নয়ন), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
৮. মহাপরিচালক, পল্লী উন্নয়ন একাডেমি (আরডিএ), জামালপুর/রংপুর।
৯. ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্ক ইউনিয়ন), ঢাকা।
১০. ব্যবস্থাপনা পরিচালক, পল্লী দারিদ্র্য বিমোচন ফাউন্ডেশন (পিডিবিএফ), বাড়ি নং-০৫, রূপনগর, মিরপুর, ঢাকা।
১১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)।
১২. মহাপরিচালক (ভারপ্রাপ্ত), পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), বগুড়া।
১৩. মহাপরিচালক (ভারপ্রাপ্ত), পল্লী উন্নয়ন একাডেমী (আরডিএ), গোপালগঞ্জ।
১৪. মহাব্যবস্থাপক, বাংলাদেশ সমবায় ব্যাংক লিমিটেড, ৯/ডি, মতিঝিল, ঢাকা-১০০০।
১৫. উপসচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৬. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৭. সচিব মহোদের একান্ত সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৮. সিনিয়র সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
১৯. সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২০. প্রকল্প পরিচালক (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন চলমান সকল প্রকল্প।
২১. প্রোগ্রামার, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২২. সহকারী সচিব (সকল), পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
২৩. সহকারী প্রোগ্রামার/সহকারী রক্ষণাবেক্ষণ প্রকৌশলী, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।

১৬/০৪/২০২৬

(মো: লিয়াকত আলী শেখ)
উপসচিব
ফোন: +৮৮-০২-৪৭১২৪৪৩৬
E-mail: org1.section@rdcd.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
(প্রতিষ্ঠান শাখা-১)
www.rdcd.gov.bd

বিষয়: মাননীয় প্রতিমন্ত্রী কর্তৃক ১১ এপ্রিল ২০২৬ তারিখে স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের উর্ধ্বতন কর্মকর্তা, অধীন দপ্তর/সংস্থাসমূহের প্রধান এবং প্রকল্প পরিচালকগণের সাথে মতবিনিময় সভার কার্যবিবরণী।

প্রধান অতিথি		মীর শাহে আলম, এমপি মাননীয় প্রতিমন্ত্রী স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
সভাপতি	:	মোহাং শওকত রশীদ চৌধুরী, সচিব, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
সভার তারিখ	:	১১ এপ্রিল ২০২৬ খ্রি.।
সভার সময়	:	বেলা ১১:০০ টায়
সভার স্থান	:	স্থানীয় সরকার বিভাগের সম্মেলন কক্ষ (কক্ষ নম্বর: ৬০১, ভবন নম্বর: ০৭, বাংলাদেশ সচিবালয়, ঢাকা)।
উপস্থিতি	:	পরিশিষ্ট-ক

২. মাননীয় প্রতিমন্ত্রী উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভায় উপিস্থিত সকল কর্মকর্তাদের নিজ নিজ পরিচয় প্রদানের জন্য অনুরোধ জানান। তাঁর অনুমতিক্রমে সচিব, 'পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ' অতিরিক্ত সচিব (প্রশাসন ও বাজেট) মিজ মুনিমা হাফিজ-কে এ বিভাগের কার্যক্রমসমূহ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

৩. অতঃপর পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগসহ এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থাসমূহ যথা- সমবায় অধিদপ্তর, বিআরডিবি, বার্ড, কুমিল্লা; আরডিএ, বগুড়া/গোপালগঞ্জ/রংপুর/জামালপুর, মিল্ক ভিটা এবং বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রকল্পের সংশ্লিষ্ট কর্মকর্তাগণ স্ব স্ব প্রতিষ্ঠান/প্রকল্পের কার্যক্রমসমূহ পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে উপস্থাপন করেন।

৪. সভায় দপ্তর/সংস্থা ও প্রকল্প সংক্রান্ত বিস্তারিত আলোচনা শেষে মাননীয় প্রতিমন্ত্রী কর্মকর্তাগণের দক্ষতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণে কতিপয় নির্দেশনা প্রদান করেন। অতঃপর মাননীয় প্রতিমন্ত্রীর নির্দেশনার আলোকে সভায় নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

৪.১ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধান, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের Allocation of Business, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের বিদ্যমান পলিসি ও নীতিমালা এবং বর্তমান গণতান্ত্রিক সরকারের নির্বাচনী ইশতেহারে পল্লী উন্নয়নের সাথে সম্পর্কিত কার্যক্রম বাস্তবায়নের জন্য তৎপর হতে হবে। তবে অন্য মন্ত্রণালয়/বিভাগের কার্যক্রমের সাথে দ্বৈততা পরিহার করার লক্ষ্যে এ মন্ত্রণালয়ের গৃহীত কর্মসূচি নির্ধারণ ও বাস্তবায়নে সমবায় ভিত্তিক পল্লী উন্নয়ন কর্মসূচি গ্রহণ করতে হবে;

৪.২ দপ্তর/সংস্থাসমূহে বিদ্যমান শূন্যপদসমূহ পূরণের লক্ষ্যে জরুরী ভিত্তিতে নিয়োগ কার্যক্রম গ্রহণ ও সম্পন্ন করতে হবে;

৪.৩ সমবায় সমিতিগুলোর কার্যক্রমে গতিশীলতা, জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণ এবং মাঠ পর্যায়ে নিবিড় তদারকি করাসহ কর্মকর্তাদের কর্মদক্ষতা মূল্যায়ন করতে হবে;

৪.৪ ঠাকুরগাঁও ও বগুড়া জেলায় সমবায় প্রশিক্ষণ কেন্দ্র স্থাপনের নিমিত্ত প্রকল্প প্রস্তাব প্রণয়নপূর্বক জরুরীভিত্তিতে এ বিভাগে প্রেরণ করতে হবে;

৪.৫ বিদ্যমান কৃষক সমবায় এবং নতুন কৃষক সমবায় গঠন করে নদী ও খালের তীরে/চর এলাকায় কৃষি চাষ, মাছ চাষ, গবাদিপশু ও হাস-মুরগী পালন প্রভৃতি সমন্বিত কার্যক্রম গ্রহণ করতে হবে;

৪.৬ চলমান প্রকল্পগুলো বাস্তবায়নের ক্ষেত্রে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ কর্তৃক প্রকল্প এলাকায় একক/একাধিক কর্মকর্তা/কর্মকর্তাদের মাধ্যেম আকস্মিক পরিদর্শন ও পরিবীক্ষণ করে প্রতিবেদন দাখিল করতে হবে।

৪.৭ সমবায় অধিদপ্তর ও বিআরডিবি'র কার্যক্রমে আরো গতিশীল করা এবং পুরনো ঐতিহ্য ফিরিয়ে আনার বিষয়ে প্রশাসনিক সংস্কারসহ কর্মদক্ষতা বৃদ্ধির জন্য প্রয়োজনীয় কার্যক্রম নির্ধারণ করতে হবে;

৪.৮ সমবায় অধিদপ্তর ও বিআরডিবি কর্তৃক দেশের বেকার জনগোষ্ঠীর কর্মসংস্থানের লক্ষ্যে দেশে ও বিদেশে, বিশেষভাবে অগ্রাধিকার ভিত্তিতে জাপানে জনবল প্রেরণের জন্য তৃতীয় ভাষা শিক্ষা ও দক্ষতা উন্নয়ন বিষয়ে প্রশিক্ষণ প্রদানের জরুরীভিত্তিতে প্রকল্প গ্রহণ করতে হবে এবং প্রশিক্ষণ ব্যয় ও বিমান ভাড়ার সংস্থান বাজেটে অন্তর্ভুক্ত করতে হবে ;

৪.৯ বার্ড, কুমিল্লা কর্তৃক গৃহীত "কওমী মাদ্রাসার শিক্ষার্থীদের বৃত্তিমূলক ও দক্ষতা উন্নয়ন" প্রকল্পের অনুসরণে মাদ্রাসার শিক্ষার্থীদের কর্মসংস্থান সৃষ্টির জন্য 'পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ'-এর অধীনস্থ অন্যান্য প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুরূপ প্রকল্প গ্রহণ করতে হবে;

৪.১০ আরডিএ, বগুড়া কর্তৃক বগুড়ার গাবতলী ও নিকটস্থ অন্যান্য এলাকা অন্তর্ভুক্ত করে কলা চাষ, প্রসেসিং ও মার্কেটিং জন্য আরডিএ, বগুড়া কর্তৃক একটি প্রয়োগিক গবেষণা প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে;

৪.১১ চর এলাকা ও গ্রামীণ এলাকায় থাইল্যান্ড বা চীনের আদলে পল্লী এলাকায় দরিদ্র জনসাধারণের জন্য স্বল্পমূল্যে, পরিবেশবান্ধব ও ইস্পাত কাঠামোর টেকসই আবাসন/বাসস্থান তৈরির লক্ষ্যে প্রকল্প গ্রহণ করতে হবে;

৪.১২ বিআরডিবি ও সমবায় অধিদপ্তরের কর্মসূচির সাথে সমন্বয় করে 'পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ'-এর অধীনস্থ অন্যান্য প্রতিষ্ঠানসমূহ কর্তৃক সোলার প্যানেলের মাধ্যমে গভীর/অগভীর নলকূপ স্থাপনের জন্য প্রকল্প গ্রহণ করতে হবে;

৪.১৩ আরডিএ, বগুড়া কর্তৃক উদ্ভাবিত বজ্র নিরোধক প্রযুক্তির আলোকে বজ্র নিরোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। অধিকন্তু স্থানীয় সরকার বিভাগকেও উক্ত প্রযুক্তির আলোকে প্রকল্প গ্রহণ করতে হবে;

৪.১৪ আমদানি নির্ভর ভোজ্যতেলের আমদানি কমানোর লক্ষ্যে সূর্যমূখী, সয়াবিন ও সরিষার চাষ অধিকহারে বৃদ্ধির নিমিত্ত এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক কর্মসূচি গ্রহণ করতে হবে;

৪.১৫ এসএফডিএফ, পিডিবিএফ এবং বিআরডিবিসহ অন্যান্য দপ্তর/সংস্থার আয়কর মওকুফের বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যানকে ডিও পত্র দিতে হবে;

৪.১৬ যে সমস্ত দপ্তর/সংস্থা হতে নতুন প্রকল্প গ্রহণ করা হয়েছে বা নতুন প্রকল্পের ডিপিপি প্রণয়ন করা হয়েছে সে সমস্ত প্রকল্পের বিষয়ে এ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রীকে অবহিত করে তাঁর মতামত গ্রহণ করতে হবে;

৪.১৭ এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা কর্তৃক পার্বত্য এলাকায় সমবায়ভিত্তিক Skill Development ও আর্থ-সামাজিক উন্নয়নমূলক প্রকল্প গ্রহণ করেত হবে;

৪.১৮ "কোভিড প্রণোদনা ঋণ" নামে পিডিবিএফ এ চলমান ঋণ কার্যক্রমটি বোর্ড অব গভর্নস এর সভায় উত্থাপন করতঃ ভিন্ন নামে নামকরণ করতে হবে। খেলাপী ঋণের জরিমানা কমানোর লক্ষ্যে জামানত ব্যবস্থা শক্তিশালী করতে হবে। প্রয়োজনে বিশেষ ক্ষেত্রে বড় অংশের ঋণগ্রহীতাদের নিকট হতে তারিখবিহীন স্বাক্ষরিত চেক জামানত হিসেবে রাখতে হবে;

৪.১৯ পিডিবিএফ-এর ঋণ কার্যক্রম দেশের প্রত্যন্ত অঞ্চলে বিস্তৃত বিধায় কর্মকান্ডে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপজেলা পর্যায়ে নিজস্ব ভবন নির্মাণের জন্য উপজেলা পরিষদে জমির সংস্থান করে নিজস্ব

অর্থায়নে ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করতে হবে এবং এ লক্ষ্যে উপজেলা স্থানীয় সরকার বিভাগের সাথে নিবিড় ও সার্বক্ষণিক যোগাযোগ অব্যাহত রাখতে হবে;

৪.২০ পিডিবিএফ-এ সমিতির সদস্যদের ঋণ প্রদানের ক্ষেত্রে যে সব সদস্যদের নবজাতক শিশুর জন্য "নবজাতক সঞ্চয় স্কীম" চালু রাখতে হবে এবং নারী শিশুর জন্য এটি বাধ্যতামূলক করতে হবে;

৪.২১ বিগত অন্তর্বর্তী সরকারের সময় পিডিবিএফ-এ শূন্য পদে জনবল নিয়োগপূর্বক পরবর্তীতে পদ শূণ্য হলে অপেক্ষমান তালিকা (Waiting List) হতে শূন্য পদগুলো পূরণ করার সিদ্ধান্ত ছিল। কিন্তু অপেক্ষমান তালিকার তথ্য ইতোমধ্যে প্রকাশ হয়ে গেছে মর্মে অভিযোগ সৃষ্টি হওয়ায় স্বচ্ছতার জন্য অপেক্ষমান তালিক বাতিল করে নতুন করে দ্রুত নিয়োগ নিয়োগ প্রক্রিয়া শুরু করতে হবে;

৪.২২ মিল্ক ভিটা-এর হৃত গৌরব, ঐতিহ্য ও সুনাম পুনরুদ্ধারে বন্ধ কারখানাসমূহ দ্রুততার সাথে চালুর উদ্যোগ নিতে হবে এবং অপচয় কমানো, স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে লাভজনক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তোলার জন্য তৎপর হতে হবে এবং সিলেট বিভাগে মিল্ক ভিটা এর কার্যক্রম চালু করতে হবে। এবং নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর মিল্ক ভিটা গতিশীল করার লক্ষ্যে কার্যকর উদ্যোগ গ্রহণ করবেন;

৪.২৩ বাংলাদেশ সমবায় ব্যাংক লিঃ-এর কার্যক্রম দেশব্যাপী সম্প্রসারণ করার বিষয়ে নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর কর্তৃক পর্যালোচনা করে মতামতসহ স্বয়ং সম্পূর্ণ এ বিভাগে প্রস্তাব প্রেরণ করতে হবে;

৪.২৪ জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবেলার ক্ষেত্রে বাংলাদেশের মত দেশগুলো তুলনামূলকভাবে পিছিয়ে থাকার কারণে এ দেশের জলবায়ু পরিবর্তনজনিত অভিঘাত মোকাবেলায় আরডিএসমূহের উদ্যোগে জলবায়ু ট্রাস্টের (Climate Trust) সহায়তায় প্রকল্প গ্রহণ করতে হবে;

৪.২৫ সকল আরডিএ কর্তৃক Climate Change Fund-এর সহায়তায় প্রকল্প গ্রহণ করতে হবে;

৫. অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় মাননীয় প্রতিমন্ত্রীর নির্দেশনা/সিদ্ধান্তসমূহ যথাযথভাবে প্রতিপালন ও বাস্তবায়নের জন্য সংশিষ্ট সকল কর্মকর্তাদেরকে পুনরায় অনুরোধসহ ধন্যবাদ জানিয়ে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৬/০৪/২৩

(মোহাং শওকত রশীদ চৌধুরী)
সচিব,
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ